

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
টোল ও এক্সেল শাখা

স্মারক নং-৩৫.০০.০০০০.০৬০.১৫.০০৮.২০-৩৬৫

তারিখঃ ১৫-১১-২০২৩ খ্রিস্টাব্দ

প্রজ্ঞাপন

সড়ক ও জনপথ অধিদপ্তরের আওতায় ব্রাহ্মণবাড়িয়া সড়ক বিভাগাধীন নবীনগর-আশুগঞ্জ সড়ক উন্নয়ন প্রকল্প (জেড-২০৩১) এর ৩য় কিলোমিটারে (চেইনেজ ২+৭৭৫ মিটার) নবনির্মিত তিতাস সেতু (৫৫৮.২০৯ মিটার) ব্যবহারকারী যানবাহন হতে টোল আদায়ের নিমিত্ত টোল নীতিমালা, ২০১৪ অনুযায়ী বিভিন্ন শ্রেণীর যানবাহন চলাচলের জন্য নিম্নরূপভাবে টোল নির্ধারণ করা হলো:

ক্রম	যানবাহনের নাম	যানবাহনের বর্ণনা	টোলের হার (টাকা)
ক	ট্রেইলার	কন্টেইনার/ভারী যন্ত্রপাতি/ভারী মালামাল/সরঞ্জাম পরিবহনে সক্ষম যান	১৯০.০০
খ	হেভী ট্রাক	তিন বা ততোধিক এক্সেল বিশিষ্ট ট্রাক, কাভার্ড ট্রাক/ভ্যান, কন্টেইনারবাহী ট্রাক এবং অন্যান্য আর্টিকুলেটেড যানবাহন	১৫০.০০
গ	মিডিয়াম ট্রাক	দুই এক্সেল বিশিষ্ট রিজিড ট্রাক/বাণিজ্যিক কাজে ব্যবহৃত ট্রাক্টর এবং ট্রেইলার	৭৫.০০
ঘ	বড় বাস	চালক ব্যতীত ৩১ অথবা তদুর্ধ্ব আসন বিশিষ্ট মোটরযান	৭০.০০
ঙ	মিনি ট্রাক	৩ টন পর্যন্ত পে-লোড ধারণে সক্ষম যানবাহন	৫৫.০০
চ	কৃষিকাজে ব্যবহৃত যান	পাওয়ার টিলার, ট্রাক্টর ইত্যাদি	৪৫.০০
ছ	মিনিবাস/কোষ্টার	চালক ব্যতীত অনধিক ৩০ জন যাত্রী বহনের উপযোগী মোটরযান	৪০.০০
জ	মাইক্রোবাস	চালক ব্যতীত অনূন ৮ এবং অনধিক ১৫ জন যাত্রী বহনের উপযোগী মোটরযান	৩০.০০
ঝ	ফোর হইল চালিত যানবাহন	পিক-আপ, কনভারশনকৃত জীপ, রেকার, ক্রেন ইত্যাদি	৩০.০০
ঞ	সিডান কার	ব্যক্তিগত এবং ভাড়াই চালিত সকল সিডান কার	২০.০০
ট	৩/৪ চাকার মোটরবাইজড যান	অটো টেম্পো, সিএনজি অটোরিক্সা, অটোভ্যান, ব্যাটারী চালিত ৩/৪ চাকার যে কোন ধরনের মোটরবাইজড যান	১০.০০
ঠ	মোটর সাইকেল	দুই চাকা বিশিষ্ট যন্ত্রচালিত যান	৫.০০
ড	রিক্সাভ্যান/রিক্সা/বাই সাইকেল/ঠেলা গাড়ী	মালামাল, যাত্রী পরিবহনে ব্যবহৃত রিক্সা ভ্যান/তিন চাকার যাত্রীবাহী সাইকেল রিক্সা/প্যাডেলযুক্ত দ্বিচক্রযান/পশু ও হাতে চালিত টানা/ঠেলাগাড়ী	৫.০০

০২। জনস্বার্থে এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে



(মোঃ জহিরুল ইসলাম)
উপসচিব